



আইনশৃঙ্খলা স্বাভাবিক না হলে নির্বাচনে যাবে না জাতীয় পার্টি



সংগৃহীত ছবি

আইনশৃঙ্খলা পরিস্থিতির উন্নতি না হলে আসন্ন নির্বাচনে অংশ না নেওয়ার কঠোর বার্তা দিয়েছে জাতীয় পার্টি। চট্টগ্রামে দলের এক কর্মী অপহরণের অভিযোগ তুলে জাতীয় পার্টির একাংশের চেয়ারম্যান আনিসুল ইসলাম মাহমুদ এই অবস্থান জানান।

শনিবার ৩ জানুয়ারি বিকেলে গুলশানে নিজের বাসভবনে আয়োজিত জরুরি সংবাদ সম্মেলনে তিনি বলেন, দেশে এখন অস্থিরতা ও মব সংস্কৃতি ভয়াবহ আকার ধারণ করেছে। তার অভিযোগ, তার বাসায় হামলা, ভাঙচুর ও অগ্নিসংযোগের ঘটনা ঘটেছে এবং উদ্দেশ্যপ্রণোদিতভাবে জাতীয় পার্টির প্রার্থীদের মনোনয়ন বাতিল করা হচ্ছে।

তিনি আরও বলেন, নির্বাচন সামনে রেখে সবার জন্য সমান সুযোগ বা লেভেল প্লেয়িং ফিল্ড নিশ্চিত হওয়ার কথা থাকলেও বাস্তবে তার কোনো লক্ষণ দেখা যাচ্ছে না। উল্টো নির্বাচন থেকে সরে যেতে চাপ ও হুমকি দেওয়া হচ্ছে। তবে এসব হুমকির মুখে জাতীয় পার্টিকে নির্বাচন থেকে দূরে রাখা যাবে না বলেও মন্তব্য করেন তিনি।

LENS ASIA